# প্রধানমন্ত্রীর সঙ্গে আজ বৈঠকে বসছেন ভারতীয় হাইকমিশনার



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে আজ সোমবার (১০ আগস্ট) প্রথমবারের মতো সৌজন্য সাক্ষাৎ করতে যাচ্ছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। সকাল ১১টায় সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হওয়ার কথা রয়েছে।

এর আগে রোববার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেন ভারতীয় হাইকমিশনার। ওই সাক্ষাতের পরই প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর বৈঠকের বিষয়টি জানান পররাষ্ট্রমন্ত্রী।

প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনায় বাংলাদেশ ও ভারতের দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন দিক এবং দুই দেশের অভিন্ন স্বার্থের বিষয়গুলো গুরুত্ব পেতে পারে। বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফ করবেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

এদিকে রাজনৈতিক বিশ্লেষকদের মতে, দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে বেশ কিছু সংবেদনশীল বিষয় দীর্ঘদিন ধরে আলোচনায় রয়েছে। এর মধ্যে ভারতে অবস্থান করে শেখ হাসিনার রাজনৈতিক কর্মকাণ্ড চালানো, সীমান্তে প্রাণহানি, অভিন্ন নদীর পানির ন্যায্য হিস্যা এবং পুশ-ইনের মতো ইস্যু রয়েছে। এসব বিষয় বিবেচনায় প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের প্রথম বৈঠককে তাৎপর্যপূর্ণ হিসেবে দেখা হচ্ছে।

বিশ্লেষকদের ধারণা, এই সাক্ষাতের মাধ্যমে ঢাকা-দিল্লির ভবিষ্যৎ সম্পর্ক কোন পথে এগোতে পারে, সে বিষয়ে কিছুটা ধারণা পাওয়া যেতে পারে। পাশাপাশি সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য দিল্লি সফর নিয়েও বৈঠক থেকে নতুন কোনো ইঙ্গিত আসতে পারে।

LENS ASIA